

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর  
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.dip.gov.bd](http://www.dip.gov.bd)

স্মারক নং-৪৪.০৫.০০০০.২০৩.৫১.০০১.১৭/২৪৭

তারিখঃ ১৮ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ  
৩১ জানুয়ারী, ২০১৭ খ্রিস্টাব্দ

প্রতি

মহাপরিচালক  
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর  
আগারগাঁও, ঢাকা।


বিষয়ঃ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ইনোভেশন টিমের বাৎসরিক কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন-২০১৬ প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৮১১.৫১.০৪১.১৫.৬৭, তারিখ-২১ জুন ২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকের নির্দেশনা মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নিমিত্ত বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রধান কার্যালয়ের ইনোভেশন টিমের বার্ষিক কার্যক্রমের প্রতিবেদন ২০১৬ প্রণয়ন করা হয়েছে।

ইহা মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০১(এক)পাতা।


  
সেলিনা বানু ৩১/০১/২০১৭  
অতিরিক্ত মহাপরিচালক (চ.দা.)  
(পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন)  
ও  
ইনোভেশন অফিসার  
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর

অনুলিপিঃ

১. সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ উপসচিব, বহি-২)।
২. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জনাব মোঃ আবু সাইদ, উপপরিচালক (প্রশাসন ও সংস্থাপন), বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, আগারগাঁও, ঢাকা।
৪. জনাব নাদিরা আক্তার, উপপরিচালক(ভিসা ও ইমিগ্রেশন), বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, আগারগাঁও, ঢাকা।
৫. জনাব মোহাম্মাদ নজরুল ইসলাম ভূঞা, এসিসটেন্ট সিস্টেম এনালিস্ট (ডাটা সেন্টার), বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, আগারগাঁও, ঢাকা।
৬. জনাব মোঃ আশরাফুজ্জামান, প্রোগ্রামার, (ডাটা সেন্টার), বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, আগারগাঁও, ঢাকা।
৭. জনাব বিলকিস আফরোজা সিদ্দিকা, সহকারী পরিচালক(পরিঃ ও প্রশিঃ কোষ), বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, আগারগাঁও, ঢাকা।

**বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ইনোভেশন টিমের বাৎসরিক  
কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন-২০১৬**

ক্র. নং	কাজের নাম	বাস্তবায়ন অগ্রগতি	মন্তব্য
১	উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন	উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।	
২	ইনোভেশন টিমের সভা আহ্বান	২০১৬ খ্রিঃ এ ইনোভেশন টিমের ৮টি সভা অনতিত হয়।	কর্মকর্তার বদলি জনিত কারণে ৪টি সভা করা সম্ভব হয়নি।
৩	ইনোভেশন টিমের বাৎসরিক প্রতিবেদন প্রকাশ	ইনোভেশন টিমের বার্ষিক প্রতিবেদন ২০১৫ অধিদপ্তরের ওয়েব সাইটে <a href="http://www.dip.gov.bd">www.dip.gov.bd</a> তে প্রকাশিত হয়েছে এবং এর কপি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।	
৪	উদ্ভাবনী ধারণা আহ্বান, যাচাই ও বাছাই সংক্রান্ত কার্যক্রম	অধিদপ্তরের মাসিক সভায় কর্মকর্তাদের নিকট হতে উদ্ভাবনী ধারণা আহ্বান করা হয় এবং প্রাপ্ত ধারণাগুলি পর্যালোচনা পর্যায়ে রয়েছে।	
৫	দাপ্তরিক অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়া উন্নয়নে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম	১। অধিদপ্তরের দাপ্তরিক অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়া উন্নয়নে ওয়েববেজ মানব সম্পদ ব্যবস্থাপনা সফটওয়্যার 'EMS' এর মাধ্যমে সকল কর্মকর্তা/কর্মচারীর তথ্য সংরক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ২। ই-ফাইলিং বিষয়ে দুই পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ই-ফাইলিং সিস্টেমে নথি ব্যবস্থাপনা কার্যক্রম চলমান আছে। ৩। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন ও জাতীয় শূদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিষয়ে দিন ব্যাপী প্রশিক্ষণের আয়োজন করা হয়। এতে অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের ৭২ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।	
৬	নাগরিক সেবা সহজীকরণে জাতীয়ভাবে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন	নাগরিক সেবা সহজীকরণে উদ্ভাবনী উদ্যোগ হিসেবে জাতীয়ভাবে বাস্তবায়নের জন্য পাসপোর্ট ও ভিসা সেবা প্রত্যাশীদের অনুসন্ধানের সুবিধার্থে হেল্পলাইনের সুবিধাসহ কেন্দ্রীয় তথ্য কেন্দ্র স্থাপনের কার্যক্রম চলমান আছে।	
৭	সোশ্যাল মিডিয়ার ব্যবহার	দাপ্তরিক কাজে ফেসবুক, ডিডিও কমফারেন্সিং এর ব্যবহার করা হয়েছে এবং এ কার্যক্রম অব্যাহত আছে।	
৮	ই-সেবার ব্যবহার সংক্রান্ত	পাসপোর্ট প্রত্যাশীদের পাসপোর্ট সংক্রান্ত তথ্য ওয়েবসাইটের মাধ্যমে প্রদানের ব্যবস্থা করা হয়েছে। আবেদনকারীগণ অধিদপ্তরের ওয়েব সাইটে <a href="http://www.passport.gov.bd">www.passport.gov.bd</a> link এ গিয়ে পাসপোর্টের আবেদনের সর্বশেষ অবস্থা জানতে পারেন। তাছাড়া ফেসবুকের মাধ্যমেও পাসপোর্ট প্রত্যাশীদের অনুসন্ধানের উত্তর দেওয়া হয়।	
৯	উদ্ভাবনী কাজের প্রণোদনা	উদ্ভাবনী উদ্যোগের জন্য পুরস্কারপ্রাপ্ত মাঠপর্যায়ে কর্মরত কর্মকর্তাদের উৎসাহিতকরণের জন্য অধিদপ্তরের মহাপরিচালক প্রধান কার্যালয়ে সংবর্ধনার আয়োজন করেন। তাছাড়া উদ্ভাবনী কাজের প্রণোদনা হিসেবে কর্মকর্তা/কর্মচারীদের পুরস্কৃত করারও উদ্যোগ গ্রহণ করা হয়েছে।	

  
 সেলিনা বানু ৩১/১২/২০ ৭  
 অতিরিক্ত মহাপরিচালক (চ.দা.)  
 (পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন)  
 ও  
 ইনোভেশন অফিসার  
 বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর